# ডোনাল্ড ট্রাম্পের 'মৃত অর্থনীতি' মন্তব্যে বেজায় খুশি রাহুল গান্ধি




**নয়াদিল্লি, ৩১ জুলাই:** দেশের অর্থনীতি, প্রতিরক্ষা ও বিদেশনীতি শেষ করে দিয়েছে এই সরকার। এমনটাই দাবি করলেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধি। আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের 'মৃত অর্থনীতি' মন্তব্য প্রসঙ্গে রাহুল বলেছেন, 'হ্যাঁ, তিনি ঠিকই বলেছেন, প্রধানমন্ত্রী এবং অর্থমন্ত্রী ছাড়া সবাই এটা জানেন। সবাই জানেন যে, ভারতীয় অর্থনীতি একটি মৃত অর্থনীতি। আমি খুশি যে, রাষ্ট্রপতি ট্রাম্প একটি সত্য বলেছেন। সমগ্র বিশ্ব জানে যে, ভারতীয় অর্থনীতি একটি মৃত অর্থনীতি। বিজেপি আদানিকে সাহায্য করার জন্য অর্থনীতিকে ধ্বংস করে দিয়েছে।'

রাহুল আরও বলেছেন, 'প্রধানমন্ত্রী মোদী কেবল একজন ব্যক্তির জন্য কাজ করেন- আদানি। এই (ভারত-মার্কিন বাণিজ্য) চুক্তিটি হবে এবং প্রধানমন্ত্রী মোদী ঠিক ট্রাম্প যা বলবেন, তাই করবেন। এখন ভারতের সামনে যে প্রধান সমস্যাটি রয়েছে, তা হল সরকার আমাদের অর্থনীতি, প্রতিরক্ষা এবং বিদেশ নীতি ধ্বংস করে দিয়েছে। তারা এই দেশকে মাটিতে মিশিয়ে দিচ্ছে।'

রাহুল আরও বলেছেন, 'প্রধান প্রশ্ন হল, ট্রাম্প ৩০-৩২ বার দাবি করেছেন যে, তিনি যুদ্ধবিরতি করেছেন। তিনি আরও বলেছেন যে ৫টি ভারতীয় বিমান ভেঙে পড়েছে। ট্রাম্প এখন বলছেন যে, তিনি ২৫ শতাংশ শুল্ক আরোপ করবেন। প্রধানমন্ত্রী মোদী কেন উত্তর দিতে পারছেন না? আসল কারণ কী? তাঁর হাতে নিয়ন্ত্রণ কার?'

## 'রাশিয়ার সঙ্গে ভারত কী করে, তাতে আমার কিছু যায় আসে না'



**ওয়াশিংটন, ৩১ জুলাই:** 'রাশিয়ার সঙ্গে ভারত কী করে, তাতে আমার কিছু যায় আসে না।' বৃহস্পতিবার ট্রুথ সোশ্যালে এই মন্তব্য করেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি লিখেছেন, 'রাশিয়ার সঙ্গে ভারত কী করে, তাতে আমার কিছু যায় আসে না। তাঁরা নিজেদের মৃত অর্থনীতিকে একসঙ্গে ধ্বংস করতে পারে, এটাই আমার সবচেয়ে বেশি চিন্তা। আমরা ভারতের সঙ্গে খুব কম ব্যবসা করেছি, তাদের শুল্ক অনেক বেশি, বিশ্বের সর্বোচ্চের মধ্যে।' ট্রাম্প এ-ও জানান, 'একই ভাবে, রাশিয়া এবং মার্কিন যুক্তরাষ্ট্র একসঙ্গে প্রায় কোনও ব্যবসা করে না। আসুন আমরা এটাকে এভাবেই রাখি এবং রাশিয়ার ব্যর্থ প্রাক্তন প্রেসিডেন্ট মেদভেদেভকে বলি যে তিনি এখনও রাষ্ট্রপতি। তিনি নিজের কথার দিকে নজর রাখুন। তিনি খুব বিপজ্জনক অঞ্চলে প্রবেশ করছেন।'

## ভারতের স্বার্থ বজায় রেখেই শুল্ক পর্যালোচনা: বাণিজ্যমন্ত্রী



**নয়াদিল্লি, ৩১ জুলাই:** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শুল্কনীতি নিয়ে বৃহস্পতিবার কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রী পীযূষ গয়াল লোকসভায় বলেন, ভারতীয় পণ্যের উপর বর্ধিত শুল্ক নিয়ে সরকার বিবেচনা করে দেখছে। ট্রাম্পের নয়া শুল্কনীতি শুক্রবার, ১ অগস্ট থেকে চালু হওয়ার কথা। বাণিজ্য ক্ষেত্রে তার প্রভাব নিয়ে বিশ্লেষণ চলছে।

এদিন সংসদে মন্ত্রী বলেন, গত ২ এপ্রিল মার্কিন প্রেসিডেন্ট একটি প্রশাসনিক নির্দেশে বর্ধিত শুল্কের কথা ঘোষণা করেছিলেন। ৫ এপ্রিল থেকে ১০ শতাংশ ন্যূনতম শুল্ক চাপে। সব মিলিয়ে, ভারতের জন্য ২৬ শতাংশ অতিরিক্ত শুল্কের বোঝা চাপানো হয়। এর পর ১০ এপ্রিল প্রাথমিক ভাবে শুল্ক হারের মেয়াদ বৃদ্ধি করা হয় প্রথমে ৯০ দিন ও তার পর বাড়িয়ে করা হয় ১ অগস্ট পর্যন্ত। ট্রাম্পের সদ্য ঘোষণা করা শুল্ক হার নিয়ে সরকার বিবেচনা করে দেখছে। বাণিজ্য ক্ষেত্রে এর প্রভাবকে বিশেষ গুরুত্ব দিচ্ছে সরকার।

গয়াল বলেন, ভারত গত ১০ বছরে একাদশতম স্থান থেকে পঞ্চম বৃহত্তম অর্থনীতিতে উঠে এসেছে। তিনি জোর দিয়ে বলেন, বাণিজ্য চুক্তি নিয়ে রফা-মীমাংসার চেষ্টা করা হলেও, ভারত আগে নিজের স্বার্থ বজায় রাখবে।

## ট্রাম্পের শুল্ক কাঁটায় ধস শেয়ার বাজারে

**মুম্বই, ৩১ জুলাই:** ভারতের ওপর আমেরিকা ২৫ শতাংশ শুল্ক ঘোষণা করতেই ধাক্কা শেয়ার বাজারে। বৃহস্পতিবার বাজারের শুরুতেই এক ধাক্কায় ৫৯৪.৯৯ পয়েন্ট পড়ে যায় সেনসেক্স। নিফটিও পড়ে যায় ১৩৯.৭৫ পয়েন্টে। দিনের শুরুতেই লাল সংকেতে খোলে বাজার। সেনসেক্স ৫৯৪.৯৯ পয়েন্ট কমে ৮০,৮৮২.১৮-এ লেনদেন করেছে। নিফটি ১৩৯.৭৫ পয়েন্ট কমে ২৪, ৬৪৪.৬৫-এ লেনদেন করেছে। আশঙ্কা সত্যি করে, ভারতীয় পণ্যের ওপর ২৫ শতাংশ শুল্ক চাপানোর ঘোষণা করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর আগে ভারত-আমেরিকা দুই দেশের মধ্যেই দফায় দফায় বাণিজ্য সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা হয়েছে। কিন্তু রফাসূত্র মেলেনি। ভারতের সঙ্গে বাণিজ্যচুক্তি সংক্রান্ত বিষয় নিয়ে কথা বলতে আগামী ২৫ অগস্ট এদেশে আসছেন মার্কিন মুলুকের প্রতিনিধিরাও। কিন্তু তার আগেই বড় ঘোষণা করে বসলেন ট্রাম্প। আমেরিকার প্রেসিডেন্ট জানান, 'ভারত আমাদের বন্ধু দেশ। কিন্তু দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য খুবই কম। তা ছাড়া ভারতের শুল্কহারও বেশি। ভারতের যুদ্ধাস্ত্রের বেশিরভাগই রাশিয়া থেকে কেনা হয়। রাশিয়ার সামগ্রীর সবচেয়ে বড় ক্রেতা ভারত এবং চিন। ইতিমধ্যেই বিশ্বের অনেক দেশই বলেছে রাশিয়ার উচিত ইউক্রেনে গণহত্যা বন্ধ করা। কিন্তু তা হয়নি। কাজেই ভারতই এবার ২৫ শতাংশ শুল্ক দিতে হবে। পাশাপাশি দিতে হবে জরিমানাও।

## ময়দান

# সবুজ উইকেট আর মেঘলা আকাশ, প্রথম দিনেই চ্যালেঞ্জের মুখে ভারত



**ওভাল, ৩১ জুলাই:** অ্যান্ডারসন-তেন্ডুলকর ট্রফির চূড়ান্ত টেস্টে সিরিজে প্রথমবারের মতো পেসারদের জন্য আদর্শ কন্ডিশনে শুরু হল খেলা। লন্ডনের ওভাল মাঠে উইকেটে ছিল ঘাস, আকাশে ছিল মেঘের আনাগোনা আর সঙ্গে বৃষ্টির সম্ভাবনা। সব মিলিয়ে একেবারে বোলারদের স্বর্গ। টসও তাই গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়ায়, যা জিতে ইংল্যান্ডের অধিনায়ক অলি পোপ সিদ্ধান্ত নেন বোলিংয়ের। বেন স্টোকস চোটের কারণে অনুপস্থিত থাকায় পঞ্চম টেস্টে ইংল্যান্ডের অধিনায়কত্ব করছেন পোপ।

ভারতীয় ইনিংসের শুরুতেই ধাক্কা। ম্যাচের তৃতীয় ওভারেই গাস অ্যাটকিনসনের ইন-সুইং ডেলিভারিতে যশস্বী জয়সওয়াল মাত্র ২ রান করে এলবিডব্লিউ হয়ে যান। দীর্ঘ বিরতির পর প্রথম একাদশে সুযোগ পেয়েই দারুণ বল করছেন অ্যাটকিনসন। যশস্বীর দ্রুত বিদায়ের পর কিছুটা স্থিতি আনার চেষ্টা করেন কেএল রাহুল এবং তরুণ সাই সুদর্শন। কিন্তু রান তোলার গতি ছিল মন্থর। এরই মাঝে ভারতীয় ব্যাটিংয়ে দ্বিতীয় ধাক্কা দেন ক্রিস ওকস। অফ স্টাম্পের বাইরের বল কাট করতে গিয়ে বোল্ড হন রাহুল। ৪০ বলে মাত্র ১৪ রান করে ফেরেন তিনি। বল ব্যাটে লেগে স্টাম্পে আঘাত করে। উইকেটটি ছিল পিচ থেকে পাওয়া বাড়তি গতি ও বাউন্সের প্রমাণ।

দুই ওপেনারের বিদায়ের পর ক্রিজে আসেন শুভমান গিল। এরপর সাই সুদর্শন ও গিল দু'জনেই ধৈর্যের সঙ্গে খেলতে থাকেন। বোলারদের সামলাতে গিয়ে একাধিক বার বিট হন, কিন্তু উইকেট আর দেননি। লাঞ্চ পর্যন্ত এই দুই ব্যাটার উইকেট ধরে রাখেন এবং ভারতীয় ইনিংসকে খানিকটা নির্ভরতা দেন। লাঞ্চের সময় ভারতের স্কোর দাঁড়ায় ২ উইকেটে ৭২ রান। এর মধ্যে আবার বৃষ্টিরও সাক্ষী থাকে ওভাল। আউটফিল্ড ভিজে থাকায় লাঞ্চের পর বেশ কিছুটা দেরিতে দ্বিতীয় সেশনের খেলা শুরু হয়। খেলা শুরুর কিছুক্ষণের মধ্যেই ব্যক্তিগত ২১ রানে রান আউট হয়ে যান গিল। ভারতের রান তখন তিন উইকেটে ৮৩। সাই সুদর্শন খেলছেন ২৬ রানে, চারটি বাউন্ডারি মেরে। অন্য দিকে, মাঠে নেমেছেন করুণ নায়ার।

এই উইকেটে এখনও পর্যন্ত স্পিনারদের কোনও ভূমিকা দেখা যাচ্ছে না। বরং পেসারদের জন্য রয়েছে সুইং, গতি ও বাউন্স- সব কিছুই। ম্যাচের প্রথম দিনেই বোঝা যাবে ওভালের এই সবুজ পিচ সত্যিই টার্নিং পয়েন্ট হয়ে ওঠে কি না। সব মিলিয়ে, এই টেস্ট যেন সিরিজের গতিপথ বদলে দেওয়ার ইঙ্গিত দিচ্ছে প্রথম দিনেই। এখন দেখার, ভারতীয় ব্যাটাররা এই কঠিন কন্ডিশনের সঙ্গে কেমন মানিয়ে নিতে পারেন এবং প্রতিরোধ গড়তে পারেন কি না।

## বাগানের অভিজ্ঞতার কাছে হারল মহামেডান

**নিজস্ব প্রতিবেদন:** তারুণ্যে সমৃদ্ধ মহামেডানের বিরুদ্ধে জয়লাভ অতটাও সহজ হবে না। ডুরান্ডের প্রথম ম্যাচে নামার আগে বলেছিলেন মোহনবাগান কোচ বাস্তব রায়। মেহরাজুদ্দিনের মহামেডান লড়াই দিলেও, তিন পয়েন্ট অর্জন করল মোহনবাগান। ৩-১ গোলে হারিয়ে ডুরান্ডের মিনি ডার্বি জয় বাস্তব রায়ের দলের। শুক্রবার মধ্যরাতে হেড কোচ জোসে মোলিনা শহরে এসে স্বস্তিতে কাটাতে পারবেন। দলগত একতা নিয়ে খেলা মহামেডানকে শুরু থেকেই চাপে রেখেছিল মোহনবাগান। প্রথমার্ধে দুই দলই বেশ কিছু সুযোগ পায়। ৮ মিনিটে কিয়ানের সেন্টার পেয়ে সুযোগ কাজে লাগাতে ব্যর্থ সুহেল ভাট। ২২ মিনিটে বক্সের বাইরে মোহনবাগানের লিস্টন কোলাসোকে ফাউল করেন মহামেডানের জোসেফ। ফ্রি কিক পেয়ে দুর্দান্ত গোল করেন লিস্টন। ২৭ মিনিট আবারও সুযোগ পায় সবুজ-মেরুন ব্রিগেড। আশিস রাইয়ের পাস থেকে কিয়ানের শট গোলপোস্টে লাগে। গোটা ম্যাচ জুড়ে সুযোগ যা পেয়েছে কিয়ান-অনিরুদ্ধরা তাতে আরও বড় ব্যবধানে জয় আসতে পারত। ৪৩ মিনিটে তাঙ্গভা রঘুইয়ের আপুইয়াকে বাধা দিতে গেলে হাতাহাতি শুরু হয়। ফলে সরাসরি লাল কার্ড দেখানো হল আপুইয়াকে। তিনি ঢুঁসো মারেন মহামেডানের অধিনায়ক দীনেশ মিতেইকে। ঘটনাহ হলুদ কার্ড দেখানো হয় মহামেডানের রঘুইকে। দ্বিতীয়ার্ধের শুরুতে ফের সুযোগ পায় বাগান। থাপার শট আটকে দেন মহামেডান গোলরক্ষক শুভজিৎ ভট্টাচার্য। ৫০ মিনিটে সমতায় ফেরে মহামেডান। লালথানকিমার শট বিশাল বাঁচিয়ে দেয়। সেখান থেকে বল পেয়ে দীপকের পাস থেকে গোল করে অ্যাশলে কোলি। ব্যবধান বাড়ানোর চেষ্টা চালিয়ে যায় মোহনবাগান। একক দক্ষতায় তিন ডিফেন্ডারকে কাটিয়ে সুহেল ভাটকে বল দিলেন লিস্টন কোলাসো। ৬৩ মিনিটে লিস্টনের পাস সুহেলের শট বাঁচাতে ব্যর্থ মহামেডান গোলকিপার। ফিরতি বল জালে জড়িয়ে দেন সুহেল। ৬৪ মিনিটে ফের শট নেন সুহেল, বিপক্ষের বক্সে লেগে ফিরে আসে।।ম্যাচের শেষ মূহুর্তে লিস্টনকে বক্সের ভিতরে ফাউল করেন দীনেশ মিতেই। পেনাল্টি পেয়ে ৩-১ গোলের ব্যবধান বাড়িয়ে জয়লাভ করল মোহনবাগান।


বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
৯৮৩১৯১৯৭৯১

**দক্ষিণ পূর্ব রেলওয়ে – টেন্ডার**

**ই-টেন্ডার নং ঃ** ই-টেন্ডার নং/২০২৫/২৩, ভারতের রাষ্ট্রপতির জন্য ও পক্ষে, ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার (ইএনজিজি.), দক্ষিণ পূর্ব রেলওয়ে, খড়গপুর-৭২১৩০১ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য দফায় উল্লিখিত তারিখে বিকেল ৩টের পূর্বে ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে যেগুলি বিকেল ৩টে ৩০ মিনিটে খোলা হবে। **ক্রম নং, টেন্ডার নং এবং কাজের বিবরণ** নিম্নরূপ ঃ **(১) ই-কেজিপি-এইচকিউ-২৬-২০২৫,** এডিইএন/সেটেলমেন্ট/ খড়গপুর-এর আওতাধীনে এসএসই (ওয়ার্কস)/ সাউথ/কেজিপি শাখায় সার্ভিস বিল্ডিংস, আবাসগৃহ প্রভৃতির মেরামতি এবং সংস্কার। **টেন্ডার মূল্য ঃ** ১,৩২,১৯,৮৫৮.৬৪ টাকা। **বায়না অর্থ ঃ** ২,১৬,১০০ টাকা। **(২) ই-কেজিপি- এইচকিউ-২৭-২০২৫,** এডিইএন/ সেটেলমেন্ট/ খড়গপুর-এর আওতাধীনে এসএসই (ওয়ার্কস)/এসডব্লু/কেজিপি শাখায় সার্ভিস বিল্ডিংস, আবাসগৃহ প্রভৃতির মেরামতি এবং সংস্কার। **টেন্ডার মূল্য ঃ** ১,১৫,০২,৯৩৫.৪৭ টাকা। **বায়না অর্থ ঃ** ২,০৭,৫০০ টাকা। **(৩) ই-কেজিপি-এইচকিউ-২৮-২০২৫,** এডিইএন/সেটেলমেন্ট/ খড়গপুর-এর আওতাধীনে এসএসই (ওয়ার্কস)/ এনই/কেজিপি শাখায় সার্ভিস বিল্ডিংস, আবাসগৃহ প্রভৃতির মেরামতি এবং সংস্কার। **টেন্ডার মূল্য ঃ** ১,০৩,০৬,২৭০.৪২ টাকা। **বায়না অর্থ ঃ** ২,০১,৫০০ টাকা। **(৪) ই-কেজিপি-এইচকিউ-২৯-২০২৫,** এডিইএন/সেটেলমেন্ট/ খড়গপুর-এর আওতাধীনে এসএসই (ওয়ার্কস)/ এনডব্লু/কেজিপি শাখায় সার্ভিস বিল্ডিংস, আবাসগৃহ প্রভৃতির মেরামতি এবং সংস্কার। **টেন্ডার মূল্য ঃ** ১,০৩,০৬,২৭০.৪২ টাকা। **বায়না অর্থ ঃ** ২,০১,৫০০ টাকা। **(৫) ই-কেজিপি-এইচকিউ-৩০-২০২৫,** এডিইএন/সেটেলমেন্ট/ খড়গপুর-এর আওতাধীনে এসএসই (ওয়ার্কস)/ ওয়েস্ট/কেজিপি শাখায় সার্ভিস বিল্ডিংস, আবাসগৃহ প্রভৃতির মেরামতি এবং সংস্কার। **টেন্ডার মূল্য ঃ** ৮৮,৩৬,০৮৯.৬০ টাকা। **বায়না অর্থ ঃ** ১,৭৬,৭০০ টাকা। **(৬) ই-কেজিপি- এইচকিউ-৩১-২০২৫,** এইএন/ওয়াটার ওয়ার্কস/কেজিপি-র আওতাধীনে এসএসই (ডব্লু)/ডব্লুডব্লু/ কেজিপির শাখায় সেটেলমেন্টে জল সরবরাহের পাইপলাইন ও পিভিসি ট্যাঙ্কের প্রতিস্থাপন সহ জিকেএল এবং সিএসওয়াই জল সরবরাহ কমপ্লেক্স এলাকার বিভাগীয় ব্যবহারের জন্য সামগ্রী সরবরাহ সহ রক্ষণাবেক্ষণ। **টেন্ডার মূল্য ঃ** ৮৭,৩৫,৮৪৭.৬৩ টাকা। **বায়না অর্থ ঃ** ১,৭৪,৭০০ টাকা। **(৭) ই-কেজিপি-এইচকিউ-৩২-২০২৫,** এইএন/ডব্লুডব্লু/কেজিপি-র আওতাধীনে এসএসই /হর্টি/ কেজিপির শাখায় কেজিপি সেটেলমেন্ট বিএনআর উদ্যান, ডিভিসনাল অ্যাকাউন্টস অফিস, ডিআরএস অফিস, প্রধান হাসপাতাল, ভিআইপি রেস্ট হাউস, অফিসারদের ক্লাব, বাংলো প্রভৃতির রক্ষণাবেক্ষণ। **টেন্ডার মূল্য ঃ** ৬৫,৫১,৩৯৫.৯২ টাকা। **বায়না অর্থ ঃ** ১,৩১,০০০ টাকা। **(৮) ই-কেজিপি-এইচকিউ-৩৩-২০২৫,** এডিইএন/তমলুকের আওতাধীনে উচ্চগতির ৮ চাকার টাওয়ার কালগুলি রাখার জন্য হলদিয়া ওএইচই ডিপোর বিদ্যমান ৪ চাকার টাওয়ার ওয়াগন শেড-এর ক্ষমতা বৃদ্ধি। **টেন্ডার মূল্য ঃ** ১,৪০,৬০,৪০৭.২৭ টাকা। **বায়না অর্থ ঃ** ২,২০,৩০০ টাকা। **(৯) ই-কেজিপি-এইচকিউ-৩৪-২০২৫,** এসএসই(পি. ওয়ে)/ কাঁথির অধীনে শৌচালয়, পানীয় জলের ব্যবস্থা, ছাদ সারাই এবং প্রামাণ্য বেড়া দেওয়ার ব্যবস্থার মাধ্যমে (২৫টি) এলসি গেট গুমটির উন্নয়ন। **টেন্ডার মূল্য ঃ** ২,২০,৩০০.০০ টাকা। **বায়না অর্থ ঃ** ২,৬৫,০০০ টাকা। **(১০) ই-কেজিপি-এইচকিউ-৩৫-২০২৫,** এডিইএন/সেটেলমেন্ট/কেজিপির আওতাধীনে খড়গপুরে গ্রিন শপ আরপিএফ ব্যারাকের সংস্কার **টেন্ডার মূল্য ঃ** ২৩,৩১,৪৭৭.৭৮ টাকা। **বায়না অর্থ ঃ** ৪৬,৬০০ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** প্রতি ক্ষেত্রে ০ টাকা। **খোলার তারিখ ঃ** ক্রম নং ১ থেকে ৮-এর জন্য ১৮.০৮.২০২৫ এবং ক্রম নং ৯ থেকে ১০-এর জন্য ২২.০৮.২০২৫। **কাজ সম্পূর্ণ করার মেয়াদঃ** প্রতি ক্ষেত্রে ১২ মাস। **প্রস্তাব শুরুর তারিখ ঃ** ক্রম নং ১ থেকে ৮-এর জন্য ০৪.০৮.২০২৫ তারিখ থেকে ১৮.০৮.২০২৫ তারিখ বিকেল ৩টে পর্যন্ত। এবং ক্রম নং ৯ থেকে ১০-এর জন্য ০৮.০৮.২০২৫ তারিখ থেকে ২২.০৮.২০২৫ তারিখ বিকেল ৩টে পর্যন্ত। আগ্রহী টেন্ডারদাতাগণ টেন্ডারের সম্পূর্ণ বিশদ/বিবরণ/ নির্দিষ্টিকরণ-এর জন্য এবং অনলাইনে তাঁদের দরপ্রস্তাব দাখিল করতে **www.ireps.gov.in** ওয়েবসাইট দেখতে পারেন। এই কাজের ক্ষেত্রে কোনো অবস্থাতেই হাতেহাতে দাখিল করা টেন্ডার গৃহীত হবে না। **দ্রষ্টব্য ঃ** সম্ভাব্য দরপ্রস্তাবদাতাগণ সকল টেন্ডারে অংশ নিতে নিয়মিত **www.ireps.gov.in** দেখতে পারেন। **(PR-465)**

**Durgapur Municipal Corporation**
City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman
**Ref. No.: DMC/AUTO/90** **Dated: 30/07/2025**
**CORRIGENDUM**
**Tender ID :** 2025_MAD_882879_1
**Tender Notice No. :** WBDMC/AUTO/E-EOI-28/25-26
Bid Submission Closing date will be read as 07-08-2025 upto 5.00 p.m. in lieu of 02-08-2025 upto 5.00 p.m. and Bid Opening for Technical Proposals will be read as 11-08-2025 after 11.00 a.m. in lieu of 05-08-2025.
The other terms and conditions will remain unaltered.
**Sd/-**
**Executive Engineer**
**Durgapur Municipal Corporation**

**Durgapur Municipal Corporation**
City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman
**Ref. No.: DMC/AUTO/87** **Dated: 30/07/2025**
**CORRIGENDUM**
**Tender ID :** 2025_MAD_882688_1
**Tender Notice No. :** WBDMC/AUTO/E-EOI-25/25-26
Bid Submission Closing date will be read as 07-08-2025 upto 5.00 p.m. in lieu of 02-08-2025 upto 5.00 p.m. and Bid Opening for Technical Proposals will be read as 11-08-2025 after 11.00 a.m. in lieu of 05-08-2025.
The other terms and conditions will remain unaltered.
**Sd/-**
**Executive Engineer**
**Durgapur Municipal Corporation**

**Durgapur Municipal Corporation**
City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman
**Ref. No.: DMC/AUTO/88** **Dated: 30/07/2025**
**CORRIGENDUM**
**Tender ID :** 2025_MAD_882801_1
**Tender Notice No. :** WBDMC/AUTO/E-EOI-26/25-26
Bid Submission Closing date will be read as 07-08-2025 upto 5.00 p.m. in lieu of 02-08-2025 upto 5.00 p.m. and Bid Opening for Technical Proposals will be read as 11-08-2025 after 11.00 a.m. in lieu of 05-08-2025.
The other terms and conditions will remain unaltered.
**Sd/-**
**Executive Engineer**
**Durgapur Municipal Corporation**

**Durgapur Municipal Corporation**
City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman
**Ref. No.: DMC/AUTO/91** **Dated: 30/07/2025**
**CORRIGENDUM**
**Tender ID :** 2025_MAD_882908_1
**Tender Notice No. :** WBDMC/AUTO/E-EOI-29/25-26
Bid Submission Closing date will be read as 07-08-2025 upto 5.00 p.m. in lieu of 02-08-2025 upto 5.00 p.m. and Bid Opening for Technical Proposals will be read as 11-08-2025 after 11.00 a.m. in lieu of 05-08-2025.
The other terms and conditions will remain unaltered.
**Sd/-**
**Executive Engineer**
**Durgapur Municipal Corporation**

**ASANSOL MUNICIPAL CORPORATION**
**1st Call 1st Corrigendum Notice**
**N.I.E. ET. No. 33/WS/ Eng/2025 Dt. 08-07-25**
**2nd Call 1st Corrigendum Notice**
**N.I.E. ET. No. 19/WS/ Eng/25 Dt. 20-05-25**
Bid Submission period: 07.08.25 instead of 29.07.25
Visit to website **www.wbtenders.gov.in**
For details please contact to Tender Cell, AMC.
**Sd/- SE,**
**Asansol Municipal Corporation**

Office of the
**PROSADPUR GRAM PANCHAYAT**
**Vill - Prosadpur, P.O- Haribhanga, P.S & Dist-Murshidabad**
**NIeT. No. 04/PGP/15 th FC/Un-Tied/ 2025-26.** Date of publishing: **31/07/2025 from 6.00 p.m** on **htpp://wbtenders.gov.in**
Bid downloading starts from: **31/07/2025 from 6.00 p.m.** Bid Down-loading ends : **08/08/2025 up to 5.00 p.m.** Last date of Bid submission: **08/08/2025 upto 5.00 p.m.** Technical Bid opening date: **11/08/2025 at 11.00 a.m.**
For details logon to **htpp://wbtenders.gov.in** or contact with office of the undersign.
**Sd/-Prodhan**
**Prosadpur G.P, M-J Block**

**TENDER NOTICE**

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/236/25-26 Dated 31.07.2025 | Construction of Concrete Road at S.B.Sarani road bye lane at Ward No- 16 under Rajpur Sonarpur Municipality. | Rs.7,05,662.00 |

Bid Submission end date: **09.08.2025 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in**
**Sd/- E.O.,**
**Rajpur-Sonarpur Municipality**

**TENDER NOTICE**

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/237/25-26 Dated 31.07.2025 | Construction of Covered Surface Drain at Bharati Sangha & " A " Block H/O Anshu Biswas in Ward No- 24 under Rajpur Sonarpur Municipality. | Rs.2,86,390.00 |
| WBMAD/ULB/ RSM/238/25-26 Dated 31.07.2025 | Construction of Covered Surface Drain at Peyarabagan & School Road in Ward No- 24 Under Rajpur-Sonarpur Municipality. | Rs.2,88,969.00 |

Bid Submission end date: **09.08.2025 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in**
**Sd/- E.O.,**
**Rajpur-Sonarpur Municipality**

**DHABLAT GRAM PANCHAYAT**
**Vill+P.O.- Chemaguri, P.S.- Sagar Coastal, Dist- South 24 Parganas**
**Memo No- 229 /DGP Date-30.07.2025**
On behalf of **Dhablat Gram Panchayat** of sagar block under south 24 parganas dist invites bids through open e-tender process for the vide **NIT No 226/ DGP, OF SBMG & 15th** CFCG under Dhablat Gram panchayat Dated **30.07.2025.**
Details are available in the website **wb tenders.gov.in**
**Sd/- Pradhan**
**Dhablat Gram Panchayat**

**EGRA MUNICIPALITY**
Egra, Purba Medinipur
**E-Tender & E-Quotation Notice**
**E-Tender & E-Quotation are here by invited by the Chairman, Egra Municipality from the eligible tenders, Vide NI(e)T No.-01/OHR/25-26(2nd call), Date-30/07/2025 & NI(e) Q No.- 09/Electrical Labour/2025-2026, Date-30/07/2025. Others details can be seen from the https//wbtenders.gov.in & Notice Board of the undersigned or website www.egramunicipality.org.in, www.wbtenders.gov.in**
**Sd/- Chairman**
**Egra Municipality**

**BELDANGA MUNICIPALITY, Murshidabad**
E-tendersare invited by the authority of Beldanga Municipality for –

| Sl. No. | Name of Work | Ref. of Tender | Total Estimated Amount(in Lakh) | Last date for submission |
|---|---|---|---|---|
| 1 | Protection work & lining with bullah pilling | WB/MAD/ULB/BEL/NIeT-03/2025-26 | 4.65 | 18.08.2025 at 2.00PM |
| 2 | Const. of CC Road | | 8.67 | |
| 3 | Const. of Road | | 4.28 | |
| 4 | Const. of CC Road | | 19.08 | |
| 5 | Const. of CC Road | | 9.16 | |
| 6 | Const. of CC Road | | 6.06 | |
| 7 | Const. of CC Road | | 6.50 | |
| 8 | Const. of CC Road | | 9.87 | |
| 9 | Const. of CC Road | | 8.15 | |
| 10 | Const. of CC Road | | 5.65 | |
| 11 | Const. of Road Protecting Wall | | 42.05 | |

For details visit - **www.municipalitybeldanga.org, www.wbtenders.gov.in**

**নেক্সোম ক্যাপিটাল মার্কেটস লিমিটেড**
**(পূর্বতন এসএসআইএফএস ক্যাপিটাল মার্কেটস লিমিটেড)**
রেজিঃ অফিস : "বৈভব" (৪এফ), ৪, লী রোড, কলকাতা-৭০০০২০
CIN No: L74300WB1983PLC036342 টেলি নং: ০৩৩-২২৯০-৭৪০০/৭৪০১/৭৪০২/০৫৪ ই-মেল আইডি : smifscap@gmail.com, ওয়েবসাইট : www.smifscap.com
**৩০ জুন, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ** (₹ লক্ষ -তে)

| বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন | | | | কনসোলিডেটেড | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ৩ মাস সমাপ্ত ৩১.০৬.২০২৫ (অনিরীক্ষিত) | ৩০.০৬.২০২৪ পূর্ববর্ষের অনুরূপ ৩ মাস সমাপ্ত (অনিরীক্ষিত) | ৩ মাস সমাপ্ত ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) | ৩ মাস সমাপ্ত ৩১.০৬.২০২৫ (অনিরীক্ষিত) | ৩০.০৬.২০২৪ পূর্ববর্ষের অনুরূপ ৩ মাস সমাপ্ত (অনিরীক্ষিত) | ৩ মাস সমাপ্ত ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৫ (নিরীক্ষিত) |
| কার্যাদি থেকে মোট আয় (নিট) | ১,৭৪৪.৬৪ | ১,৭৬৩.১৭ | ১,১১৫.৬৬ | ৪,৪২১.৮২ | ১,৭৪৮.৯৩ | ১,৭৬৭.১০ | ১,১২৩.৪৮ | ৪,৪৪১.০২ |
| ব্যতিক্রমী দফা এবং কর পূর্ব নিট লাভ(+)/ক্ষতি(-) | ১৯৭.৮৬ | ১৩২.১২ | ৫৬.৩০ | ২৬৪.৩৫ | ১৯৬.৫৯ | ১৩১.৩৬ | ৫৭.৫০ | ২৬২.৭০ |
| ব্যতিক্রমী দফা পরবর্তী কর পূর্ব নিট লাভ(+)/ক্ষতি(-) | ১৯৭.৮৬ | ৭৩.৫৯ | ৫৬.৩০ | ২০৫.৮২ | ১৯৬.৫৯ | ৭২.৮৩ | ৫৭.৫০ | ২০৪.১৭ |
| কর পরবর্তী সময়কালের জন্য নিট লাভ(+)/ক্ষতি(-) | ১২৭.৯৫ | ৩৬.৮৯ | ২৯.৪৪ | ১১৭.৯৬ | ১২৬.৭৫ | ৩৬.১৮ | ৩০.৭৪ | ১১৬.৬৫ |
| সময়কালের জন্য মোট ব্যাপক আয় {এতে কর পরবর্তী মুনাফা/(লোকসান) এবং কর পরবর্তী অন্যান্য ব্যাপক আয় অন্তর্ভুক্ত রয়েছে} | (৭২৯.৫৬) | ৯০০.৯১ | (১,৪৩২.১৮) | ২,০২১.৬৯ | (৮৯১.৩৪) | ৯০০.৫৪ | (১,৪৩১.৮৫) | ২,০২৫.২৯ |
| পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন(ফেস ভ্যালু ১০/- টাকা প্রতি শেয়ার) | ৫৮৭.৭০ | ৫৫৮.৫০ | ৫৮৭.৭০ | ৫৮৭.৭০ | ৫৮৭.৭০ | ৫৫৮.৫০ | ৫৮৭.৭০ | ৫৮৭.৭০ |
| শেয়ার প্রতি আয় (ইপিএস) (বার্ষিকীকৃত নয়) | | | | | | | | |
| ক) মূল (₹) | ২.১৮ | ০.৬৬ | ০.৫০ | ২.০৭ | ২.১৬ | ০.৬৫ | ০.৫২ | ২.০৪ |
| খ) মিশ্রিত (₹) | ২.০১ | ০.৬৬ | ০.৪৬ | ১.৯৯ | ১.৯৯ | ০.৬৫ | ০.৪৮ | ১.৯৭ |

১. উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশনস ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ত্রৈমাসিক/তিন মাসের আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যার্টের সারাংশ। ত্রৈমাসিক/তিন মাসের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট সমূহ (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট www.smifscap.com -এ।
২. পূর্বোক্ত সময়ের অর্থাঙ্ক পুনর্সজ্জিত/পুনর্দলভুক্ত করা হয়েছে যেখানে প্রয়োজন।

স্থান : কলকাতা
তারিখ: ৩১.০৭.২০২৫

নেক্সোম ক্যাপিটাল মার্কেটস লিঃ-এর পক্ষে
স্বা/-
কিশোর শাহ
ম্যানেজিং ডিরেক্টর


Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001** **RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**